

শনিবার ২৫ জুন ২০১৬

২০ নদিয়া

আনন্দবাজার পত্রিকা
শনিবার ২৫ জুন ২০১৬

একশো দিনের কাজে এ বার লিচু চাষ

নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর: সজ্জাবনাটা গত কয়েক বছর ধরেই তেরি হচ্ছিল। উৎপাদন ধাপে ধাপে বাড়তে বাড়তে গতবার রাজ্যের সেরা লিচু উৎপাদক মুর্শিদাবাদের ঘাড়ে নিঃশ্বাস ফেলেছিল নদিয়া। সেই প্রচেষ্টায় আরও একধাপ এগল জেলা প্রশাসন। এবার মুজফ্ফরপুরের সেরা জাতের লিচু নদিয়ায় চাষ শুরু হচ্ছে। তার জন্য মুজফ্ফরপুর থেকে আনা হচ্ছে লিচুর চারা। এই চাষকে এবার ১০০ দিনের কাজের প্রকল্পে জুড়ে দেওয়া হচ্ছে।

জেলা প্রশাসন। সিদ্ধান্ত নিয়েছে ১০০ দিনের কাজের প্রকল্পে চলতি বছরে প্রায় দু'লক্ষ লিচু গাছের চারা জবকাউধারীদের বিনামূল্যে দেওয়া হবে। শুধু তাই নয়, এক বছর পর্যন্ত লিচুর চারার পরিচর্যা

জন্য ১০০ দিনের কাজের প্রকল্পে জবকাউধারীদের মজুরীও দেওয়া হবে।

জেলা প্রশাসনের কর্তাদের দাবী, প্রথম দফায় এ বছর জুলাইয়ের প্রথম সপ্তাহে বিহারের মুজফ্ফরপুরের আইসিএআর-

এর লিচু গবেষণাগার থেকে উন্নতমানের লিচুর ৫০ হাজার চারাগাছ আনা হবে। পরে ওই সংস্থা থেকে আরও দেড় লক্ষ চারা এনে বিলি করা হবে।

এর ফলে দরিদ্র জবকার্ড হোল্ডাররা একদিকে যেমন এক বছর পর্যন্ত গাছ দেখভালের জন্য ১০০ দিনের কাজের প্রকল্পের মজুরি পাবেন, তেমনিই ভবিষ্যতে লিচু গাছ থেকে ভাল আয়েরও সুযোগও

থাকছে। শুধুমাত্র দু'লক্ষ লিচু গাছের চারার জন্য প্রায় দু' কোটি টাকা খরচ হবে জেলা প্রশাসনের।

নদিয়ার জেলাশাসক বিজয় ভারতী বলেন, “জেলায় লিচু চাষ ক্রমশ বাড়ছে। গরীব বাসিন্দাদের

স্বনির্ভর করতেই উন্নত মানের লিচু চাষের উদ্যোগ নেওয়া নেওয়া হচ্ছে।” জেলাশাসকের দাবী, আগামী দিনে লিচু চাষে নদিয়া জেলা রাজ্যে প্রথম হওয়ার ক্ষমতা রাখে।

হঠাৎ লিচু চাষের মাধ্যমে বাসিন্দাদের স্বনির্ভরের উদ্যোগ কেন? ১০০ দিনের কাজের প্রকল্পে জেলার নোডাল অফিসার বাবুলাল মাহাত জানান, এর আগে এই

প্রকল্পে কই, মাগুর, সিঙ্গি মাছ চাষের মাধ্যমে গরীব বাসিন্দাদের স্বনির্ভরের উদ্যোগ নেওয়া হয়েছে চাকদহের দুবড়া গ্রাম পঞ্চায়েত এলাকায়। তাঁরা মাছ চাষ করে আর্থিকভাবে স্বাবলম্বি হয়েছেন। তেমনই জেলার অন্যান্য

এলাকায় লেবু চাষ থেকে শুরু করে কুল চাষ, জৈব সার প্রয়োগে নানা রকম সবজি চাষের মাধ্যমে স্বনির্ভর করা হয়েছে।

দেখা গিয়েছে, লিচু চাষও যথেষ্ট লাভদায়ক। তা ছাড়াও নদিয়াতে লিচুর উৎপাদনও ভাল হয়। গত বছর মালদহকে পিছনে ফেলে রাজ্যে লিচু উৎপাদনে নদিয়া দু' নম্বরে উঠে এসেছে। তার আগে রয়েছে কেবল মুর্শিদাবাদ। গত বছরের থেকে এবার লিচুর উৎপাদন অনেক বেশী

হয়েছে। পুরো হিসেব না এলেও এবার উৎপাদনে নদিয়া-মুর্শিদাবাদ গা ষেঁয়ার্শেঁষি করে রয়েছে।

লিচুর উৎপাদনে মুজফ্ফরপুর দেশের মধ্যে প্রথম। তা ছাড়া মাণের দিক থেকেও এখানকার লিচুকে সর্বোত্তম বলে ধরা হয়। সেই জন্যই জেলা প্রশাসন এই প্রজাতির লিচু চাষের উদ্যোগ নিয়েছে। তার আগে অবশ্য জেলা প্রশাসন বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিবিজ্ঞানীদের সঙ্গে কথা বলেছে। নদিয়ার মাটি এবং আবহাওয়া এই ধরণের লিচু চাষের উপযোগী বলেই তাঁরা জানিয়েছেন।

যে সব গরীব জবকাউধারীদের লিচু বাগান করার মত কিছুটা জমি রয়েছে, তাঁদেরই লিচুর চারা বিলি করা হবে। সেই সিদ্ধান্ত স্থানীয় গ্রাম পঞ্চায়েতই নেবে।

মুজফ্ফরপুরের লিচু নদিয়ায়